



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১০৮/২২

তারিখঃ ২৭ জৈষ্ঠ্য ১৪২৯ বঙ্গাব্দ  
১০ জুন ২০২২ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর একজন সক্রিয় সদস্য  
গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে ০৯ জুন ২০২২ খ্রি. ১৭.০৫ ঘটিকার সময় অভিযান পরিচালনা করে নীলফামারী জেলার জলঢাকা থানাধীন খুটামারা মৌলবী বাজার এলাকার থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- মো: রায়হান আলী (১৯), পিতা- মো: রুহুল আমিন, মাতা- মোছা: নিলুফা বেগম, গ্রাম- পশ্চিম খুটামারা, থানা- জলঢাকা, জেলা- নীলফামারী। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও ০২ টি সীম কার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: রায়হান আলী ‘আনসারুল্লাহ বাংলা টিম’ এর একজন সক্রিয় সদস্য ও সমর্থক। সে ও তার সহযোগীগণ দেশ হতে চলমান গণতান্ত্রিক ব্যবস্থাকে উচ্ছেদ করে যেকোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে আসছিল। ধৃত আসামী অনলাইনে তার সহযোগী অন্যান্য আইডি'র সাথে যোগাযোগের মাধ্যমে জিহাদ এবং রাষ্ট্রবিরোধী পরিকল্পনা করত। আসামী ও তার অন্যান্য সহযোগীগণ ফেসবুক আইডি, ম্যাসেঞ্জারসহ বিভিন্ন এনক্রিপ্টেড অ্যাপ ব্যবহার করে যোগাযোগের মাধ্যমে নিজেদের মধ্যে বাংলাদেশ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা করে আসছিল। তার ব্যবহৃত মোবাইল ফোনে বাংলাদেশ সরকার বিরোধী ষড়যন্ত্র সংক্রান্তে বিভিন্ন লিংক পাওয়া গিয়েছে এবং এর মধ্যে তথাকথিত খেলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে সশস্ত্র জিহাদের উস্কানিমূলক বিস্তারিত আলোচনা রয়েছে।

গ্রেফতারকৃত মো: রায়হান আলী নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্য পদ গ্রহণ ও সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে জলঢাকা থানার মামলা নং- ০৯, তারিখ- ১০/০৬/২০২২ খ্রি. সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারা রুজু করা হয়েছে।

*Abur*

১০/০৬/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)